

উপজেলা আইন শৃংখলা স্থায়ী কমিটির সেপ্টেম্বর/২০২১ ইং মাসের সভার কার্যবিবরণী :

সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে।

সভার তারিখ : ০৮/০৯/২০২১ইং

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযোজিত (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন হয়। এরপর সদস্য সচিব আজকের সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	জনাব আলহাজ্ব নজরুল ইসলাম বাবু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, নারায়ণগঞ্জ-২ ও মুখ্য উপদেষ্টা উপজেলা আইন শৃংখলা কমিটি, আড়াইহাজার, নারায়ণগঞ্জ তার বক্তব্য নবযোগদানকৃত ভারপ্রাপ্ত কর্মকর্তা, আড়াইহাজার থানাকে স্বাগত জানান এবং আইনশৃংখলা জনিত সকল প্রকার চুরি, ডাকাতি, বাল্য বিবাহ জনিত সকল প্রকার চুরি, ডাকাতি, বাল্য বিবাহ রোধসহ সহযোগীতা করার জন্য অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে ভারপ্রাপ্ত কর্মকর্তা, আড়াইহাজার থানাকে স্বাগত জানান এবং আইনশৃংখলা জনিত সকল প্রকার চুরি, ডাকাতি, বাল্য বিবাহ রোধসহ সহযোগীতা এবং এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা।
২.	ভারপ্রাপ্ত কর্মকর্তা সভায় জানান যে, পূর্বের চেয়ে আইনশৃংখলা পরিস্থিতি বর্তমানে ভালো। আড়াইহাজার রেললাইন এর পাশ এবং ইলমদীতে কোন ডাকাতি/অপ্রতীকর ঘটনা গঠে নাই। কদমতলী এলাকায় পুলিশের ফোর্স পাঠানো হয়। কিন্তু এলাকার লোকজন এগিয়ে আসার ফলে কোন অপ্রতীকর ঘটনা ঘটেনি।	সভায় বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ আড়াইহাজার থানাকে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা।
৩.	সহকারী কমিশনার (ভূমি) আড়াইহাজার জানান যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ সম্প্রতি মোবাইল কোর্ট, ২০০৯ এর তফসিলভুক্ত হয়েছে। তিনি ভারপ্রাপ্ত কর্মকর্তা, আড়াইহাজারকে মাদকদ্রব্যের অপব্যবহার রোধ ও মাদকদ্রব্য ব্যবহার নিয়ন্ত্রনে নিয়মিত অভিযান পরিচালনা জন্য অনুরোধ জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ আড়াইহাজার থানাকে মাদকের সাথে জড়িতদের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা।

(রফিকুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আড়াইহাজার

ও

সভাপতি

আইন শৃংখলা স্থায়ী কমিটি
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।